

Visit of External Affairs Minister to the Arab Republic of Egypt (October 15-16, 2022)

October 13, 2022

বিদেশমন্ত্রীর আরব প্রজাতন্ত্র ইজিপ্ট সফর(অক্টোবর 15 - 16 , 2022)

অক্টোবর 13, 2022

ইজিপ্টের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি জনাব সামেহ হাসান শৌকরীর আমন্ত্রণে ভারতের বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শংকর একটি সরকারি সফরে 15-16 অক্টোবর 2022 -এ আরব প্রজাতন্ত্র ইজিপ্টে ভ্রমণ করবেন। এটি হবে ইজিপ্টে তার প্রথম দ্বিপাক্ষিক সফর। 2. সফরকালে বিদেশমন্ত্রী ইজিপ্টের বিদেশ মন্ত্রী হিজ এক্সেলেন্সি জনাব সামেহ হাসান শৌকরীর সাথে পারস্পরিক স্বার্থের দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করবেন।

3. বিদেশমন্ত্রী শিক্ষার্থী সহ ইজিপ্টে বসবাসকারী ভারতীয় গোষ্ঠীর সাথে আলাপ আলোচনা করবেন এবং ইজিপ্সিয়ান ও ভারতীয় ব্যবসায়ী গোষ্ঠীর একটি সমাবেশে ভাষণ প্রদান করবেন।

4. ভারত ও ইজিপ্ট ঐতিহাসিক এবং সাংস্কৃতিক সংযোগ দ্বারা আবদ্ধ উষ্ণ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্কে উপভোগ করে। এই বছর উভয় দেশ তাদের কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 75 বছর পূর্তি উদযাপন করেছে। ভারতের সভাপতিত্বে 2022-23 -এ জি20 তে ইজিপ্টকে ‘অতিথি দেশ’ হিসেবে আমন্ত্রণ জানানো হয়েছে।

5. আফ্রিকাতে ভারতের সর্ববৃহৎ বাণিজ্য শরিক হল ইজিপ্ট এবং সফরকালে দ্বিপাক্ষিক বাণিজ্য, বাণিজ্য এবং বিনিয়োগের প্রচারের উপরে নজর কেন্দ্রীভূত থাকবে। 2021-22 আর্থিক বর্ষে ভারত-ইজিপ্ট দ্বিপাক্ষিক বাণিজ্য 7.26 বিলিয়ন মার্কিন ডলারের উচ্চতা স্পর্শ করেছে। ইজিপ্টে ভারতের বিনিয়োগ 3.15 বিলিয়নকে ছাঁপিয়ে গিয়েছে। উৎপাদন, রাসায়নিক, শক্তি, পরিকাঠামো, খুচরা ইত্যাদি ক্ষেত্রে ইজিপ্টে প্রায় 50টির বেশী ভারতীয় কোম্পানি বর্তমানে সক্রিয় রয়েছে।

6. বিদেশমন্ত্রীর ইজিপ্ট সফর আমাদের দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সম্পর্কের আদ্যন্ত পর্যালোচনা করার এবং পারস্পরিক স্বার্থ ঘিরে ইজিপ্সিয়ান নেতৃত্বের সাথে সামগ্রিক মত বিনিময়ের সুযোগ প্রদান করবে। সফরটি দ্বিপাক্ষিক অংশীদারিত্বে নতুন উদ্যোগ অন্বেষণে এবং সহযোগিতাকে গভীর করার সুযোগ করে দেয়।

নিউ দিল্লি

অক্টোবর 13, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.